
Gideon
Bengali




AC 0200-BN




লেখক ঃ রণ বেয়ারফিল্ড
বর্ণনা ঃ জেরী ও ফেইম ম্যাকোলো
অনুবাদক ঃ পিটার সরকার
সম্পাদনা ঃ সাইলাস এম, নাথ
প্রকাশক ঃ ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইনস্টিটিউট

এই মজাদার গল্পের বইটি গিদিয়োনের ঘটনার উপর ভিত্তি করে লেখা, যেটি পবিত্র বাইবেল পুস্তকের পুরাতন নিয়মে বিচারকর্ত্তৃ গণের বিবরণ পুস্তকের ৬ থেকে ৮ অধ্যায়ে পাওয়া যাবে।

মোশি ঈশ্বরের মনোনীত জাতিকে মিসর দেশ থেকে বের করে আনার ও যিহোশূয়ের কনান দেশ বিজয়ের পরে হীব্রু জাতি পুতুল পূজায় নিয়োজিত হল। তারই পরিণাম স্বরূপ ঈশ্বর তাঁর মনোনীত জাতিকে অন্যান্য গোষ্ঠির চাপের মুখে ছেড়ে দিলেন।


পরবর্ত্তী সময়ে ধার্মিক লোকেরা এগিয়ে এসে এই জাতিকে পরিচালনা দিলেন যেন তারা ফিরে এসে একমাত্র সত্যময় ঈশ্বরের আরাধনা করে। এই ব্যক্তিদের বলা হয় বিচারকর্ত্তৃগণ। তাদের চতুর্থ রাজা ছিলেন গিদিয়োন। এই জাতি সাত বৎসর যাবত মিদিয়নীয়দের অত্যাচারে জর্জ্জরিত ছিল। সেখান থেকেই এই গল্পের আরম্ভ। এই সময়টা ছিল ভয়ের, ক্ষুধার ও হতাশার সময়।

প্রথম সংকলন ঃ ১৯৯০
* ১৯৯০
একমাত্র স্বত্বাধিকারী ঃ
ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইনস্টিটিউট,
ব্রাসেলস, বেলজিয়াম।


টাইপ কম্পোজ ঃ এল. ডি, সি
মুদ্রণে ঃ মুজাহিদ প্রিন্টিং এণ্ড প্যাকেজিং
১৪/এ, কৈলাস ঘোষ লেন, ঢাকা—১০০০
ফোন ঃ ২৩৪৬৯৫


পিটার মামা! দেখেন একদল ছেলে কেমন হতাশ ভাবে রাস্তা দিয়ে ফিরছে।
পিটার মামা! আমরা আবার হেরে গেছি।
গত তিন বছরে এক বারও আমরা খেলায় জিততে পারলাম না।
ঐ অন্য ছেলেদের সাথে আমরা কোনদিনই জিত্‌তে পারব না। মনে হয় আমাদের দলটি না রাখাই ভাল।



শোন, আমি ঠিক তোমাদের মতই একটি দলের গল্প শুনাই। তারাও অনেক বছর জিত্‌তে পারেনি।
প্রায় সাত বছর তারা বিজয়ের মুখ দেখেনি। তারা বিজয়ের আশা প্রায় ছেড়েই দিয়েছিল।
কিন্তু ঈশ্বর তাদের মধ্যে থেকে সবচেয়ে ক্ষুদ্রতম, দুর্ব্বল ও অবজ্ঞাত লোককে দিয়ে তাদের এমনভাবে পরিচালনা করলেন যে, ইতিহাসের সবচেয়ে উল্লেখযোগ্য বিজয় সাধিত হ'ল।
তোমাদের দলও ঠিক তেমনি হবে, যারা বিশ্বের শ্রেষ্ঠতম দল এবং শ্রেষ্ঠ খেলোয়াড়ের সম্মান লাভ করতে সক্ষম হবে।



মন্টু ?! ?!
মন্টু ?
মন্টু ?!
মন্টু ?
মন্টু ! !
শোন পিটার মামা,
তুমিতো কখনও মন্টুর খেলা দেখনি।
তুমি কি কখনও মন্টুকে বল মারতে দেখেছ?


অথবা দৌড়াতে?
অথবা গোলরক্ষক হিসাবে?


আচ্ছা। আচ্ছা। আমার কাছে গিদিয়োনের গল্পটা শোন। তারপর দেখ তোমাদের কেমন মনে হয়।


গিদিয়োন ছিলেন একজন ইস্রায়েলীয়।
যখন এই ঘটনা ঘটে তখন ইস্রায়েল জাতি মিদিয়নীয়দের দ্বারা ভীষণ ভাবে আক্রান্ত হচ্ছিল।
সাত বৎসরের অত্যাচারে তারা এত ভীত হয়েছিল যে নিজেদের ঘর বাড়ী ছেড়ে পর্ব্বতের গুহায় গুহায় লুকিয়ে বসবাস করতে আরম্ভ করেছিল।
যখন শস্য কাটার জন্য উপযুক্ত সময় হ'ত তখনই মিদিয়নীয়রা আক্রমণ করে সব কিছু লুট করে নিয়ে যেত।




মিদিয়নীয়রা নিজেরা কষ্টকরে শস্য বপন না
করে ভীত ইস্রায়েলীয়দের আক্রমন করে
তাদের কাছ থেকে খাদ্য
সংগ্রহ করা সহজ বলে
মনে করত।



ফড়িং এর ঝাঁকের মত তারা ইস্রায়েল জাতিকে আক্রমণ করত



তাদের ভেড়া, গরু, ছাগল এবং গাধা সব নিয়ে পালিয়ে যেত এবং যেগুলি তারা নিয়ে যেতে পারত না, সেগুলি পুড়িয়ে দিত।


তারা প্রত্যেকটি ছাগল, ভেড়া, গরু এবং গাধা চুরি করে নিত।



পিটার মামা, ঘটনা তো খুবই দুঃখের।
হ্যাঁ, আমরা যে অন্য দলের কাছে পরাজিত হচ্ছি তার চেয়ে মিদিয়নীয়দের কাছে ইস্রায়েল জাতির পরাজয় আরও শোচনীয় ছিল
ওরা আমাদের বল ফুটো করে বাতাস বের করে দিলেও অন্ততঃ বলটাতো আমাদের কাছে থাকে।
ইস্রায়েল জাতি ভীষণ ভীত সন্ত্রস্ত ছিল কারণ যে কেউ বাধা দিতে যেত, মিদিয়নীয়রা তাকেই মেরে ফেলত।
এই ভাবে বার বার আক্রান্ত হয়ে ইস্রায়েল জাতি দরিদ্র হয়ে পড়েছিল।
তাদের প্রায় না খেয়ে থাকার মত অবস্থা হয়েছিল। গম ক্ষেতের ঝোপের পিছনে তারা লুকিয়ে থাকতো।


তারা যখন ক্ষেতে থাকত তখন যদি কেউ বলতো ঐ যে মিদিয়নীয় সঙ্গে সঙ্গে  ভয়ে সবাই, যে যেদিকে পারত, পালিয়ে যেত।
মিদি---------
------য়নী।
অবশেষে, হতাশায় ক্লান্ত হয়ে তারা ঈশ্বরের কাছে প্রার্থনা করল



তাইতো, পিটার মামা, আমরা যদি ঈশ্বরের কাছে প্রার্থনা করতাম তাহলে আমাদের বিপক্ষ দলকে পরাজিত করতে তিনি নিশ্চয়ই আমাদের সাহায্য করতেন?
খুবই সুন্দর প্রস্তাব, অনেক দিন এমন প্রস্তাব শুনিনি।
যাহোক, যদি তোমাদের জীবনে বিপদের সম্ভাবনা থাকত অথবা তারা তোমাদের ক্ষতি করতে চাইত তাহলে ঈশ্বর নিশ্চয়ই তোমাদের সাহায্য করতেন। কিন্তু আমার মনে হয় খেলাধুলায় ঈশ্বর কোন একটি পক্ষকে সমর্থন করেন না।
চলো গল্পে ফিরে যাই
একদিন গিদিয়োন আংগুর পেষণ যন্ত্রের আড়ালে লুকিয়ে লুকিয়ে গম ভাংগাচ্ছিলেন।
মিদিয়নীয়দের ভয়ে তিনি লুকিয়ে কাজ করছিলেন কারণ তিনি জানতেন, ওরা জানতে পারলে তার খাদ্য লুট করে নিয়ে যাবে।




হে বীর সৈনিক,
ঈশ্বর তোমাদের সঙ্গে আছেন
তু তু তুমি কি একজন মি-মি- মিদিয়নীয়?
নাও, নাও, নিয়ে যাও, যা তোমার খুশী;
শু-শু-শুধু আমায় প্রাণে মেরো না।


গিদিয়োন শান্ত হও। আমি ঈশ্বরের দূত।
ঈশ্বর পাঠিয়েছেন যেন আমি তোমাকে জানাই যে তিনি তোমাকে ব্যবহার করবেন যেন মিদিয়নীয়দের হাত থেকে ইস্রায়েল জাতি রক্ষা পায়।
আ--আ-আ আমি?
আমি আমার নিজের ছায়াকে ভয় পাচ্ছি। আমার গোষ্ঠি দেশের সবচেয়ে গরীব। আমার পরিবারও সবচেয়ে গরীব পরিবার। আমার পরিবারে আমিই সবচেয়ে ছোট এবং সামান্য। এই লোকটি নিশ্চয়ই একজন অনুচর। যখন আমি বলব যে আমি মিদিয়নীয়দের বিরুদ্ধে লড়বো তখন আমাকে হত্যা করার উপযুক্ত একটা অজুহাত খুঁজে পাবে।
আমি তোমার সঙ্গে থাকব এবং তুমি মিদিয়নীয়দেরকে আঘাত করে সকলকে ভূপাতিত করবে !!!


শুনুন। ঈশ্বর কখনও ভুল করেন না বলে আমি জানি কিন্তু মিদিয়নীয়দের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য আমাকে মনোনীত করা ঈশ্বরের সবচেয়ে বড় ভুল হবে।
আপনি যদি ঈশ্বরের প্রেরিত দূত হন তবে আমাকে একটা প্রমাণ দেখান। এখানেই থাকুন দয়া করে,
এখান থেকে যাবেন না, যতক্ষণ আমি ফিরে না আসি।
ঠিক এখানেই থাকুন।
কোথাও যাবেন না। আমি আপনাকে একটি উপহার দিতে চাই।


গিদিয়োন ঘরে গেল এবং কিছু রুটি তৈরী করে-ও একটা ছাগলের মাংস রান্না করে নিয়ে এল
এক পাত্রে মাংস ও অন্য পাত্রে মাংসের ঝোল নিয়ে দূতের কাছে এলো



রুটি ও মাংস ঐ পাথরের উপরে রাখ।
তারপর তার হাতে যে লাঠি ছিল তা দিয়ে রুটি ও মাংস স্পর্শ করল। পাহাড় থেকে আগুন বের হয়ে ঐ রুটি ও মাংস খেয়ে ফেলল।


স্বর্গদূত অদৃশ্য হয়ে গেল।


আমি ঈশ্বরের দূতকে
সামনা সামনি দেখেছি।
ঈশ্বর ঃ
শান্তি হোক !!!!
তুমি ভয় কর
না!!!


সেই রাতে ঈশ্বর গিদিয়োনকে বললেন যেন সে দুটি বলদ নেয় এবং তার বাবার তৈরী করা বাল দেবের (মিথ্যা দেবতা) যজ্ঞ বেদী এবং তারপাশে আশেরা (মিথ্যা দেবী) মূর্ত্তি ভেঙ্গে ফেলে।
তারপর ঈশ্বরের নির্দেশ মত আরেকটি যজ্ঞবেদী তৈরী করে এবং আশেরার মুর্ত্তি ভেঙ্গে ফেলা কাঠ দিয়ে একটি গরুর মাংস পুড়িয়ে ঈশ্বরের উদ্দেশ্যে উৎসর্গ করে।
এবারে গিদিয়োন সত্যি ভয় পেল।
সে জানত বালদেবের বেদী ভেঙ্গে ফেলার পরিণাম কি হ'তে পারে। জনতা ভীষণ রেগে উঠবে এবং তাকে হত্যা করবে। কিন্তু সব জেনেও সে ঈশ্বরের অবাধ্য হতে চাইল না।
সে ঠিক করল, সে ঈশ্বরেরই বাধ্য হবে এবং তারপরে যা ঘটে ঘটুক; ঈশ্বরই তার মোকাবেলা করবেন।
সেই রাতেই তিনি ও তার দশজন সহচর মিলে সেই বেদী ভেঙ্গে ফেললেন।


জনতা ভীষণ রেগে গেল!!!
কে এই কাজ করেছে?
সে মৃত্যুর যোগ্য!!!
তাকে আমরা বেদীর উপরে হত্যা করব!!!
সে ছিল যোয়াশের ছেলে গিদিয়োন।
যোয়াশ তোমার ছেলেকে বের করে দাও
সে মৃত্যুর যোগ্য কারণ সে বালদেবের বেদী এবং আশেরা মূর্ত্তি ভেঙ্গে ফেলেছে!


চুপ কর!
যদি বাল দেবতা সত্যি হ'ত তবে কেউ তার বেদী ভাঙ্গতে গেলে সে নিজেই তাকে বাধা দিত।
তাই শেষ পর্যন্ত জনতা গিদিয়োনকে আঘাত না করে ছেড়ে দিল।
সেই সময়টা ক্ষেতের শস্য সংগ্রহের উপযুক্ত সময় ছিল। সুতরাং তোমরা বুঝতেই পারছ কি ঘটতে পারে।
মিদিয়নীয়েরা আবার আসল।



ঈশ্বর গিদিয়োনকে বললেন এখনই সময়।
প্রভু, আমি বিশ্বাস করি যে তুমিই সব কিছু করাচ্ছ, তবুও কি আরেকবার এমন একটা প্রমাণ দেখাবে যে, এ সত্যি তুমি।
আমি খামারে কিছু ভেড়ার লোম রাখব এবং যদি দেখি যে সেই লোমগুলো শিশিরে ভেজা কিন্তু অন্য সব কিছু শুকনো তাহলে আমি জানব যে তুমি ইস্রায়েল সন্তানদের আমার দ্বারাই নিস্তার করবে
পরের দিন সমস্ত খামার শুকনো ছিল কিন্তু গিদিয়োনের রাখা ভেড়ার লোমগুলো নিংড়ালে এক পাত্র জল বের হ'ল।
হ্যাঁ, ঈশ্বর, শুধু আর এক বার। আমার উপর অসন্তুষ্ট হইওনা কারণ আমি নিশ্চিত হ'তে চাই যে, তুমি আমাকেই চাইছ। এবারে তুমি এমন কর যেন সমস্ত জায়গা শিশিরে ভিজে যায় কিন্তু ভেড়ার লোমগুলো শুকনো থাকে।
সেই রাত্রে ঈশ্বর ঠিক তেমনটি করলেন। সকালে সব জায়গা শিশিরে ভেজা ছিল কিন্তু ভেড়ার লোমগুলো শুকনো থাকল।
মিদিয়নীয়রা আসুক! !!!!



যাদের পাওয়া গেল গিদিয়োন সবাইকে ডাকল যুদ্ধ করার জন্য।
এক সকালে গিদিয়োন এবং তার দল হারোদ নামক ঝর্ণার কাছে তাদের তাঁবু স্থাপন করল।
তাবোর পর্বত
যিষ্রিয়েল তলভূমি
মোরিয়া
হারোদের ফোয়ারা
মিদিয়নীয় (মিদিয়নীয়গণ)
গালীল সাগর
যর্দ্দন উপত্যকা
আর মিদিয়নীয়দের তাঁবু তাদের উত্তরে মোরি পর্ব্বতের তল ভূমিতে ছিল।
ঈশ্বরঃ
তোমার লোক সংখ্যা অনেক বেশী। এখন তোমরা যুদ্ধে জিত্‌লে ইস্রায়েল সন্তানরা মনে করবে আমার দ্বারা নয়, কিন্তু নিজ শক্তিতেই তারা জিতেছে।
ঈশ্বর, তুমি কি তাই মনে কর? আমরা কি সংখ্যায় অনেক বেশী? বিপক্ষ আমাদের চেয়েও তো অনেক অনেক বেশী। তোমার সাহায্য ছাড়া আমাদের বর্তমান লোকদের নিয়েও আমরা কিছুতেই জিত্‌তে পারব না।



তোমাদের লোক সংখ্যা অনেক। তুমি লোকদের বল যারা ভীতু তারা যেন গিলিয়দ পর্ব্বত ছেড়ে চলে যায়।
ঠিক আছে, ঈশ্বর কিন্তু তুমি জান যে তারা সকলে কত ভীরু, হয়ত আমাকে ছেড়ে তারা সকলেই পালাবে। আমি তাদের এই চলে যাওয়া দেখতে পারব না।


ঈশ্বর গিদিয়োনকে যা বলতে বলেছিলেন তা শুনে ২২,০০০ লোক পিছিয়ে গেল।
যাহোক, তবু এখনও দশ হাজার (১০,০০০) লোক রয়ে গেছে। এদের দ্বারা অন্ততঃ কিছুটা লড়াই করা যাবে।
এখনও অনেক বেশী লোক তোমার।
সত্য কি তাই?
তোমার লোকদের নিয়ে জলের কাছে যাও এবং তাদের জল পান করতে বল। যারা কুকুরের মত জল চেটে খাবে তাদের এবং যারা হাঁটু গেড়ে জল খাবে তাদের পৃথক কর"।
মাত্র তিন শত লোক জল চেঁটে খেল।
এই তিন শত লোক দিয়েই আমি তোমাকে রক্ষা করব এবং মিদিয়নীয়েরা তোমার কাছে পরাজিত হবে। অন্য সকলকে তাদের নিজ নিজ স্থানে চলে যেতে বল"।





আচ্ছা, আমি চাই এবার তোমরা বল, কি ভাবে তাদের বিজয় হল



৩০০ শত লোক নিয়ে (১,২০,০০০)
এক লক্ষ বিশ হাজার লোককে
আক্রমণ করতে হবে।


আমি জানি। আমি জানি।
ঈশ্বর যোনা নামের এক বিরাট তিমি মাছ পাঠালেন আর সেই মাছ সবাইকে গিলে ফেলল।


আমার মনে হয়
এটি ঠিক নয়


মোশি অনেকগুলি ষাঁড় তাদের তাঁবুর দিকে ছুটিয়ে দিলেন আর ষাড়গুলো সমস্ত সৈন্যদের মেরে ফেলল।


না!
না!


বাইশ হাজার লোক এমন ঝাঁকুনি দিল যে এক ভীষণ ভূমিকম্প হ'ল এবং সমস্ত মিদিয়নীয়রা মাটির নীচে চাপা পড়ল।


নাঃ হয়নি!
তারা সকলে সাত বার পাহাড়ের চারিদিকে ঘুরল এবং তখনই পাহাড় তাদের শত্রুদের শরীরের উপর ভেঙ্গে পড়লো।
দুঃখিত এবারও হ'লনা।
৪০ দিন রাত এমন বৃষ্টি হ'ল যে সমস্ত মিদিয়নীয়েরা ডুবে মরল।




তোমরা কেউ কি জাননা কি হয়েছিল?
তুমিই আমাদের বল না মন্টু?
মন্টু তার হাত তুলল। আচ্ছা পিটার মামা, এটা তোমার গল্প। তুমি কি চাও যে, যা ঘটল তা আমি বলি?
অবশ্যই!!!
গিদিয়োনকে ভীত দেখে ঈশ্বর তাকে এবং তার সহচরকে পাঠালেন মিদিয়নীয়দের তাঁবুর কাছে, যেন তারা গোপনে তাদের আলোচনা শুনে আসে।


আমি স্বপ্নে দেখলাম একখানা যবের রুটি
গড়িয়ে গড়িয়ে আমাদের তাঁবুর দিকে আসল
এবং তাঁবুটিকে ভীষণ
জোরে আঘাত করল
তাতে তাঁবুটি উল্টে গেল।
ঐ রুটি আর কিছু নয় ঠিক
যোয়াশের পুত্র গিদিয়োনের
তলোয়ার।
ঈশ্বর আমাদের সমস্ত
তাঁবুগুলি তাঁর হাতে
সমর্পণ করেছেন।
উঠ, ঈশ্বর মিদিয়নীয়দের
তাঁবুগুলি আমাদের হাতে সমর্পণ
করেছেন।


প্রতি ভাগে ১০০ জন করে আমরা তিন দলে ভাগ হব।
সবাই তূরী এবং খালি ঘট নাও।
এবং ঘটের মধ্যে মশাল রাখ।
আমাকে অনুসরণ করে আমার পিছনে পিছনে এস।
যখন আমি তাঁবুগুলির কাছে গিয়ে পৌঁছাব তখন আমি যা করব তোমরাও ঠিক তাই করবে।


যখন আমি ও আমার সঙ্গীরা তূরী বাজাই তখন চারিদিক থেকে তোমরাও তোমাদের তূরী বাজাবে এবং চিৎকার করবে।
ঈশ্বর ও গিদিয়োনের উদ্দেশ্যে !!!


গিদিয়োন এবং তার সৈন্যরা ঠিক মধ্য রাত্রে যখন পাহারাদার বদল হচ্ছিল তখন তাদের তাঁবুর কাছে গেল।
গিদিয়োন আদেশ করল
এবং সকলে তূরী বাজাল এবং হাতের ঘটগুলি ভেঙ্গে ফেলল।




বাম হাতে তারা মশাল নিল এবং ডান হাতে তূরী ধরে বাজাতে লাগল।


তারা চিৎকার করলঃ


সদাপ্রভু ও গিদিয়োনের খড়গ!!!


মিদিয়নীয়দের তাঁবুগুলিতে হৈ হল্লা পড়ে গেল।
তারা পালাবার জন্য ছুটাছুটি করতে লাগল।
ঈশ্বর এমন করলেন যে মিদিয়নীয়রা নিজেদের তাঁবুতেই একে অন্যের বিরুদ্ধে খড়গ তুলল।


সৈন্যরা ভয়ে সরোয়ার দিকে বৈৎশিট্টা ও আবেল-মহোলার সীমা পর্যন্ত পালিয়ে গেল।


ভূমধ্যসাগর
কর্ম্মিল পর্বত
তাবোর পর্বত
গিদিয়োনের
ফোয়ারা
মিদিয়নীয়দের শিবির
যিরূশালেম
বৈৎশিট্টা
অম্মোন
মরু সাগর
সিরীয় মরুভূমি
গিদিয়োনের লোকেরা
মিদিয়নীয়দের পলায়ন


সদাপ্রভু ও গিদিয়োনের বিজয় হলো


গিদিয়োনের মৃত্যুর আগ পর্যন্ত মোট ৪০ বৎসর সেই জাতি শান্তিতে থাকল।


ঈশ্বর গিদিয়োনকে আশীর্ব্বাদ করলেন। সে ৭০ জন সন্তান লাভ করল।



৭০ জন পুত্র! ওহঃ
এতজনে মিলে তারা নিশ্চয়ই খুব ভাল খেলত
এই গল্পটা শেষ করার জন্য মন্টুকে ধন্যবাদ।
আমি জানতাম না যে বাইবেল সম্পর্কে তুমি এত কিছু জান।



জান পিটার মামা! মা এই গল্প সম্পর্কে অন্য কিছুও বলেছেন।
মা বলেছেন যে ঐ মিদিয়নীয়রা ছিল শয়তানের মত।
মা আরও বলেছেন যে আমরা নিজেদের শক্তিতে শয়তানকে পরাজিত করতে পারিনা।
যদি আমরা যীশুকে আমাদের অন্তরে ডাকি তাহ'লে শারীরিক শক্তি দিয়ে নয় কিন্তু বাক্যের দ্বারা আমরা শয়তানকে পরাজিত করতে পারি।
মা বলেছেন যীশু আমাদের পক্ষে থাকলে শয়তানকে ভয় করবার কোন কারণ নেই।


হ্যাঁ মন্টু, সত্যি তাই। তোমার বন্ধুদের মধ্যে কেউ কি যীশুকে সুযোগ দেবে তাদের জীবনে সাহায্য করার জন্য? যীশু সংগে থাকলে আমরা শক্তিশালী শত্রুকেও পরাজিত করতে পারি।
কেউ যদি নেশার জন্য কোন ওষুধ দেয়, যদি কেউ চুরি করতে বলে অথবা অন্য কারো সম্পত্তির ক্ষতি করতে বলে– আমরা স্পষ্টভাবে তাদের না বলতে পারি কারণ যীশু আমাদের না বলতে সাহায্য করেন।
কিন্তু তিনি কি খেলায় জিত্‌তে আমাদের সাহায্য করবেন না?
না এ ব্যাপারে তোমাদের নিজেদেরই চেষ্টা করতে হবে।


স্নেহের বন্ধুরা, তোমাদের মধ্যে কতজন যীশুর কাছে নিজেদের জীবন উৎসর্গ করতে চাও?
আমি!
হ্যাঁ আমি!!
আমিও!!!


ঠিক আছে, যদি তাই হয় তবে এস আমার সাথে এই প্রার্থনা কর।
প্রিয় যীশু, আমরা বিশ্বাস করি তুমি ঈশ্বরের পুত্র। আমরা যে পাপ করেছি আমরা চাই তুমি আমাদের পাপ ক্ষমা করে দাও। শয়তানের এবং সে যে সমস্ত খারাপ বিষয় এই পৃথিবীতে এনেছে সেই সকলের বিরুদ্ধে দাঁড়াতে আমাদের সাহায্য কর।
গিদিয়োনকে যেমন শক্তি দিয়ে সাহায্য করেছিলে আমাদেরও তেমনি শক্তি দাও যেন ভয় না করি এবং জীবন যুদ্ধে জয়ী হ'তে পারি।




## আমি এখন কি করব?

১। যে মণ্ডলী বিশ্বাস করে বাইবেল ঈশ্বরের বাক্য, সেই মণ্ডলীতে যোগ দিতে আরম্ভ কর।

২। তুমি নিজে প্রতিদিন বাইবেল পড় অথবা কেউ তোমাকে পড়ে শুনাক।

৩। প্রতিদিন ঈশ্বরের কাছে প্রার্থনা কর। প্রার্থনা হ'ল ঈশ্বরের সঙ্গে কথা বলা। প্রতিদিন তা কর।

দায়ূদ
এই সিরিজের অন্য একটি বই




সিংহকে
হত্যা করেছেন!

দৈত্যকে
পরাজিত করেছেন!

ভল্লুককে
জয় করেছেন!







কে এই বীর? দায়ূদ, যে বালক একমাত্র সত্য ঈশ্বরে বিশ্বাস করেছিলেন তাঁর সম্পর্কে মজার বইটি পড়ুন। এই বইটি ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইনস্টিটিউট (আই, সি, আই) ছাপিয়েছে। আই, সি, আই এর অন্যান্য বইয়ের জন্য যোগাযোগ করুন।

ইন্টারন্যাশনাল করসপণ্ডেস ইনস্টিটিউট
ডাক বাক্স-৭০০
৪০১/১ নিউ ইস্কাটন রোড,
ঢাকা, বাংলাদেশ